দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUL 1989
পৃষ্ঠা 5 কলাম 3

৩০

০১

# শিক্ষাঙ্গন

## পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে

'শিক্ষাই জাতির মেরুদণ্ড'— একথা সর্বজন স্বীকৃত। কিন্তু শিক্ষাক্ষেত্রে বহুদিন যাবৎ চলে আসছে সেশনজট সমস্যা। যার ফলে এ মেরুদণ্ড ভেঙ্গে যাওয়ার উপক্রম। বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন উচ্চ শিক্ষা ক্ষেত্রে দেখা যায় এক বছরের পরীক্ষা আরেক বছরেও হয় না। তিন বছরের কোর্স শেষ করতে ছয় বছর চলে যায়। কোন রকমে একবার পরীক্ষা হলেও ৮/৯ মাস চলে যায় ফল প্রকাশে।

এসএসসি/এইচএসসি পরীক্ষার ফল হাতে পেতেও ৪/৫ মাস কেটে যায়। এ সময়টা ছাত্র ছাত্রীরা অলসভাবে কাটায়। তার উপর যারা ফেল করে তাদের পরবর্তী বছর পরীক্ষা দেয়ার জন্য পড়াশুনার প্রয়োজনীয় সময় থাকে না। অছাড়া পাস করলেও পরবর্তী কোর্সে ভর্তি হতে এক বছর অতিবাহিত হয়ে যায়। কিন্তু কর্তৃপক্ষ একটু সচেষ্ট হলেই দু'মাসের মধ্যে ফল প্রকাশ করে এ সমস্যার সমাধান করতে পারেন।

তাই চলতি সনের এইচএসসি পরীক্ষাসহ সামনের সবপর্যায়ের পরীক্ষার ফল দু'মাসের মধ্যে প্রকাশ করার জন্য শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—এস, এম, আলী আজম,
সেলিমপুর, মুলাদী,
বরিশাল।